ISSN : 0976-9463
Issue 26, Vol. 42

# তবু একলব্য

৪২

UGC Approved Peer-Reviewed Research Journal on Arts and Humanities



## বাংলা সাহিত্যে সামাজিক সাংস্কৃতিক রাজনৈতিক ও ধর্মীয় আন্দোলন

বিশেষ সংখ্যা

দি গৌরী কালচারাল
এন্ড
এডুকেশনাল অ্যাসোসিয়েশন

TABU EKOLABYA
ISSN 0976-9463

৪২

তবু একলব্য

ভাষা-সাহিত্য-সংস্কৃতি বিষয়ক গবেষণা পত্রিকা

২৬ বর্ষ • ৪২ সংখ্যা • ২০২১

# TABU EKALABYA

UGC Approved International Peer-Reviewed (Refereed)
Research Journal on Arts & Humanities

UGC-CARE LISTED JOURNAL

## বাংলা সাহিত্যে সামাজিক-সাংস্কৃতিক-রাজনৈতিক ও ধর্মীয় আন্দোলন

বিশেষ সংখ্যা

সম্পাদক • দীপঙ্কর মল্লিক
আমন্ত্রিত সম্পাদক • দেবাশিস পাল

দি গৌরী কালচারাল এন্ড এডুকেশনাল অ্যাসোসিয়েশন
সমাজ-সংস্কৃতি-সাহিত্য গবেষণাকেন্দ্র

ISSN : 0976-9463

# তবু একলব্য

UGC-CARE LISTED JOURNAL, SL. NO. 16

**সভাপতি**
বিপ্লব মাজী

**সহ-সভাপতি**
তপন মণ্ডল

**মুখ্য উপদেষ্টা**
স্বামী শাস্ত্রজ্ঞানন্দ
সেলিনা হোসেন
রামকুমার মুখোপাধ্যায়
সোমা বন্দ্যোপাধ্যায়
সাধন চট্টোপাধ্যায়

**কার্যনির্বাহী সম্পাদক**
সুশীল সাহা

**যুগ্ম সম্পাদক**
তাপস পাল

**সম্পাদক**
দেবারতি মল্লিক

**মুখ্য সম্পাদক**
দীপঙ্কর মল্লিক

**কার্যকরী কমিটির সম্পাদক**
মধুসূদন সাহা ও সোমালি চক্রবর্তী

**আহ্বায়ক**
বিদিশা সিন্‌হা, অঙ্কিতা মুখার্জী, রামকৃষ্ণ মণ্ডল

**উপদেষ্টামণ্ডলী**

পবিত্র সরকার, সমীর রক্ষিত, শ্রীনলিনী বেরা, অমর মিত্র, জয়া মিত্র, বাসব চৌধুরী, তপোধীর ভট্টাচার্য, রবীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, ব্রততী চক্রবর্তী, বারিদ বরণ ঘোষ, সত্যবতী গিরি, শ্রুতিনাথ চক্রবর্তী, অপূর্ব বন্দ্যোপাধ্যায়, সুমিতা চক্রবর্তী, বিশ্বজিৎ ঘোষ, শহীদ ইকবাল, দীপক রায়, উদয়চাঁদ দাশ, সুখেন বিশ্বাস, শুভময় মণ্ডল

**সম্পাদকমণ্ডলী**

সোনালি মুখার্জি, সনৎকুমার নস্কর, মুনমুন গঙ্গোপাধ্যায়, মীর রেজাউল করিম, হোসনে আরা জলি, বরেন্দু মণ্ডল, অর্জুন সেনশর্মা, শামস্ আলদীন, শ্যামশ্রী বিশ্বাস সেনগুপ্ত, সোমা ভদ্র রায়, স্বাগতা দাস মোহান্ত, আশিস রায়, মণিশঙ্কর মণ্ডল, বরুণজ্যোতি চৌধুরী, শ্যামাচরণ মণ্ডল, রাধেশ্যাম সাহা, সুব্রত ঘোষ, শকুন্তলা দাস, বিদিশা সিন্‌হা, সুবীর সেন, ং অনিমেষ গোলদার, তৃষিতা গুপ্তবক্সী, প্রিয়ব্রত ঘোষাল, শুভঙ্কর রায়, অর্ণব সাধুখাঁ, প্রসেনজিৎ বিশ্বাস

**বিষয় বিশেষজ্ঞ অধ্যাপকমণ্ডলী**

গোপা দত্ত ভৌমিক, অপর্ণা রায়, বেলা দাস, রমেন কুমার সর, অরিন্দম চট্টোপাধ্যায়, অতনু শাশমল, শেখর সমাদ্দার, জ্যোৎস্না চট্টোপাধ্যায়, বিশ্বতোষ চৌধুরী, সৌরেন বন্দ্যোপাধ্যায়, বিশ্বজিৎ রায়, সুমনা দাস শূর, নন্দিনী ব্যানার্জী, সুজিতকুমার পাল

একুশ শতকের কবিতা-প্রতিবাদ নাকি আত্মসমর্পণ ১৭৬
মুন্সী মহম্মদ ইউনুস
বাংলা কবিতায় ভাষা আন্দোলন : শ্রদ্ধা, ভালোবাসা ও প্রতিবাদের রক্তাক্ত স্মারক ১৮২
সুশান্ত সাঁতরা

◆ উপন্যাস বিষয়ক প্রবন্ধ ১৮৯-৪৪৪

গোরার দলিত আন্দোলন : প্রসঙ্গ—'ক্ষমা কর হে প্রভু' ১৮৯
দেবারতি মল্লিক
সুবোধ ঘোষের 'তিলাঞ্জলি' : একটি ঐতিহাসিক-রাজনৈতিক সত্য ও বৌদ্ধিক বিতর্ক ১৯৪
সরোজকুমার পান
উনিশ শতকের সামাজিক আন্দোলন ও বঙ্কিমচন্দ্রের 'বিষবৃক্ষ' : একটি পর্যালোচনা ২০৩
সোমা ভদ্র রায়
অমিয়ভূষণ মজুমদারের 'নির্বাস' : উদ্বাস্তু ভাবনার ভিন্নমাত্রা ২১১
উর্বী মুখোপাধ্যায়
'মোমেনশাহী উপাখ্যান' : ঐতিহাসিক হাতিখেদা ও টঙ্ক আন্দোলনের পুনরুজ্জীবন ২২০
দিলদার কিবরিয়া
নকশাল আন্দোলনের উত্তাল দিনগুলি ও বাণী বসুর 'অন্তর্ঘাত' উপন্যাস ২২৭
মহাশ্বেতা চ্যাটার্জি
গজেন্দ্রকুমার মিত্রের উপন্যাসে ইংরেজ বিরোধী আন্দোলন : প্রেক্ষিত নগর ২৩৩
প্রিয়মিতা ঘোষ
বিরসার 'উলগুলান' ও বাংলা কথাসাহিত্য ২৪০
ঋষিপ্রতিম ঘোষ
নারায়ণ গঙ্গোপাধ্যায়ের 'স্রোতের সঙ্গে' : রাজনৈতিক আন্দোলনের স্রোতে ভেসে যাওয়া মানুষের ইতিকথা ২৪৬
রিনি নাথ
কৃষক আন্দোলনের দুই অভিমুখ—তেভাগা ও টঙ্ক : প্রেক্ষিত সাবিত্রী রায়ের 'পাকা ধানের গান' ২৫৫
সাথী ত্রিপাঠী
দেশভাগ পর্বের বাংলা রাজনৈতিক উপন্যাস : 'ভাঙছে শুধু ভাঙছে' ২৬২
মেহেবুব হোসেন
বাংলা উপন্যাসে নকশাল আন্দোলন ২৭২
পিউ নন্দী
মহীতোষ বিশ্বাসের 'পায়ে পায়ে পথে' তেভাগা ২৭৮
সোনালি দাস

# অমিয়ভূষণ মজুমদারের 'নির্বাস' : উদ্‌বাস্তু ভাবনার ভিন্নমাত্রা

উর্বী মুখোপাধ্যায়

বিশেষ রাজনৈতিক বা প্রাকৃতিক বিপর্যয়ের কারণে যখন মানুষ তার বাস্তুভূমি থেকে ছিন্নমূল হয় এবং আশ্রয়ের সন্ধানে অন্যত্র এসে উপস্থিত হয়, পুনরায় ফেলে আসা ভিটেমাটিতে ফিরে যেতে পারে না, তখনই জন্ম হয় উদ্‌বাস্তুর (Refugee)। 'উদ্‌বাস্তু' একটি অতি পরিচিত শব্দ। দ্বিতীয় বিশ্বযুদ্ধ পরবর্তী সময়ে ডায়াস্পোরা ও বলপূর্বক পরিযাণের ফলে গৃহহীন হয়ে পরা উদ্‌বাস্তুদের নিয়ে বিশ শতকের মধ্যভাগে গবেষণা শুরু হয়। বিশ্ব উদ্‌বাস্তু সমস্যা নিয়ে গবেষণায় ১৯৮১ খ্রিস্টাব্দে International Migration Review অনুযায়ী উদ্‌বাস্তু সংক্রান্ত পড়াশোনাকে নির্দিষ্ট সংজ্ঞা দেওয়ার চেষ্টা করা হয়—

> A comprehensive, historical, interdisciplinary and comparative perspective which focuses on the consistencies and patterns in the refugee experience. (Barry N. Stein, and Silvano M. Tomasi, 1981 : 5-7)

দেশভাগ, উদ্‌বাস্তু সমস্যা পৃথিবীর বিভিন্ন দেশের শিল্প সংস্কৃতি সাহিত্যকে প্রভাবিত করেছে সুদীর্ঘ সময় ধরে। বাংলা সাহিত্যেও তার ব্যতিক্রম ঘটেনি। সাহিত্য যেহেতু সময় ও সমাজের দর্পণ, তাই স্বাভাবিকভাবেই তাতে উঠে আসতে দেখা যায় সাহিত্যিকের ব্যক্তিগত আবেগ অনুভূতিগুলো। উদ্‌বাস্তু সেরকমই একটি বিষয়। দেশভাগের মর্মস্পর্শী বেদনা সমকালীন বহু সাহিত্যিকের জীবনের অবিচ্ছেদ্য ঘটনা হিসেবে প্রতিভাত হয়েছিল। তারই প্রভাব পড়তে দেখা যায় সাহিত্যে। উদ্‌বাস্তু জীবনের কথা নিয়ে রচিত হয়েছে একাধিক গল্প উপন্যাস। এরকমই একটি উপন্যাস হলো অমিয়ভূষণের 'নির্বাস'। ১৯৫৯ খ্রিস্টাব্দে প্রকাশিত এই উপন্যাসের পটভূমি দ্বিতীয় বিশ্বযুদ্ধ পরবর্তী সময়ে কলকাতা তথা পশ্চিমবঙ্গের নানা প্রান্তে গড়ে ওঠা উদ্‌বাস্তু ক্যাম্পগুলোতে আশ্রয় পাওয়া উদ্‌বাস্তু মানুষের জীবন বর্ণনা। পাশাপাশি উঠে এসেছে উদ্‌বাস্তু মানুষের মানসিক অবসাদ, সংকোচের নানা মাত্রা। উপন্যাসের আলোচনায় প্রবেশের পূর্বে দেখে নেওয়া যাক পৃথিবীর ইতিহাসে এই উদ্‌বাস্তুর জন্ম হয় কীভাবে?

## ২

উদ্‌বাস্তু নিয়ে আলোচনা করতে গেলে আর একটি অনুষঙ্গ এসে পরে—সেটি হলো পরিযাণের প্রসঙ্গ। মানব পরিযাণ (Human Migration) হলো এক স্থান থেকে ভিন্ন স্থানে স্থানান্তর, তা স্বেচ্ছাধীন হতে পারে আবার বাধ্যতামূলকও হতে পারে। অধিকাংশ ক্ষেত্রে এই পরিযাণ হয়ে থাকে এক দেশ থেকে অন্য দেশে। তবে আভ্যন্তরীণ পরিযাণও ঘটতে পারে। মানুষ সপরিবারে বা